

শহরের অসহায় প্রবীণদের সাহায্যে বেসরকারি সংস্থা

নিজস্ব প্রতিবেদন: শহরের অসহায় প্রবীণদের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিল একটি বেসরকারি সংস্থা। প্রায় দু'বছর ধরে ওই সংস্থা শহর কলকাতার বিভিন্ন প্রান্তের প্রবীণ বাসিন্দাদের পরিষেবা দিয়ে চলেছে। সম্প্রতি সাংবাদিক বৈঠক করে একথা জানিয়েছেন সংস্থার অধিকর্তা শীর্ষা গুহা। তিনি বলেন, 'প্রথমে তিন জন সদস্য ছিলেন। এখন ৫০ জনেরও বেশি প্রবীণ সদস্য রয়েছেন। বৃদ্ধ বয়সে সাধারণ মানুষ বিভিন্ন সমস্যায় পড়েন। তাই, আমরা প্রবীণদের পাশে দাঁড়াতে চাই।'

বালিগঞ্জের প্রতিমা বিশ্বাস বা শিয়ালদার জয়শ্রী পাল। ওঁদের কারও বয়স ৭০, কারও ৮৫। কারও পরিবার বলতে কেউ নেই। আবার কারও পরিবার থেকেও নেই। একটা সময়ের পর তাঁদের পাশে কেউ দাঁড়াতে চান না। পরিবারের কাছে তাঁরা তাজিলোর পাত্র হয়ে ওঠেন। এই অসহায় প্রবীণদের পাশেই



দাঁড়িয়েছে আন্তর্জাতিক সংস্থাটি। ওই সংস্থার তরফে প্রবীণ ব্যক্তিদের ব্যাংকের কাজকর্ম করে দেওয়া হয়। পাশাপাশি, ইলেকট্রিক বিলও জমা দিয়ে দেওয়া হয়। এমনকী, মার্কামধ্যে তাঁদের রেন্টোরায় খেতেও নিয়ে যায় সংস্থাটি। প্রবীণদের বিভিন্ন প্যাকেজ প্রদান করা হয়। তার মধ্যে মাসে দু'বার স্বাস্থ্য পরীক্ষা যেমন রক্তচাপ, সুগার পরীক্ষা করা হয়। প্রয়োজনে

চিকিৎসকদের কাছেও নিয়ে যাওয়া হয়। হাসপাতালে ভর্তিরও ব্যবস্থা করা হয়।

বার্ধক্যকালীন রোগ বিশেষজ্ঞ দীপঙ্কর দেবনাথ জানান, রাজ্যে হাসপাতাল ও মেডিক্যাল কলেজে প্রবীণদের রোগ নিয়ে বিশেষ মাথাব্যথা নেই। জেরিয়াট্রিক বিশেষজ্ঞ বললে অনেকেই আকাশ থেকে পড়েন। বর্তমানে অবশ্য বিভিন্ন বেসরকারি হাসপাতালে সচেতনতা লক্ষ্য করা যাচ্ছে। আলাদা স্পেশ্যালিস্ট ক্লিনিক ও বহির্বিভাগে দেখানোর ব্যবস্থা রয়েছে। জেরিয়াট্রিক মেডিসিনের আরেক চিকিৎসক কৌশিক মজুমদারের কথায়, 'প্রবীণদের পরিষেবার বিষয়ে সরকার ও বিভিন্ন এনজিও-কে আরও এগিয়ে আসতে হবে। কারণ প্রত্যেকের পক্ষে অর্থ দিয়ে পরিষেবা পাওয়া সম্ভব নয়। কিছু কিছু পরিষেবা চালু থাকলেও অনেকেই তা জানেন না।'

Publication - Ekdin

Page - 4

Date - 22.01.2015

Translation

An initiative to help the senior citizen

Deep Probeen Porisheba has come up with an initiative. They provide in home services to the senior citizens. Recently they organised an interactive session to create awareness on geriatric services. Shirsha Guha, director of DPP, told that initially they started with 3 members and now they have more than 50 members those who take the services. There are many aged person those who don't have anyone to look after them. Deep Probeen Porisheba provides many kind of facilities like medical help, psychological counselling, physiotherapy, companionship, technological assistance and many more. Geriatric specialist Dr. Dipankar Debnath was also present at the press meet. He told, "Doctors of government hospitals are not at all aware about the problems of this elderly people and even there are no geriatric specialist in those hospitals. But some of the private hospitals came up with geriatric unit for senior citizens."